

০৭

১৪

সার্বজনীন শিক্ষার জন্য অর্থনৈতিক বৈষম্য অবসানের আহ্বান

থাইল্যান্ডে বিশ্ব শিক্ষা সম্মেলন শতাব্দীর শেষ নাগাদ সার্বজনীন মৌলিক শিক্ষার আহ্বান সম্বলিত একটি প্রস্তাব নিয়েছে। সকল দেশ যাহাতে তাহাদের সকল নাগরিকের জন্য শিক্ষা ও অন্যান্য মৌলিক চাহিদা পূরণে সম্পদ যোগাইতে পারে, সে জন্য সম্মেলনে বৈদেশিক ঋণ সংকট ও বিশ্ব অর্থনৈতিক বৈষম্য অবসানের আহ্বান জানানো হইয়াছে। ঋণ এ এফ পি'র।

শুক্রবার সমাপ্ত পাঁচ দিনব্যাপী

সম্মেলনের পর গতকাল ব্যাঙ্কে প্রকাশিত এক বিবৃতিতে এই আহ্বান জানাইয়া বলা হয়, উন্নয়নশীল দেশগুলিতে ঋণের বোঝা ও বহু অর্থনীতি সাক্ষরতা অভিযান রুদ্ধ করিয়া দিয়াছে।

বিশ্ব ব্যাঙ্ক, জাতিসংঘ উন্নয়ন কর্মসূচী, ইউনিসেফ ও ইউনিস্কো আয়োজিত সবার জন্য শিক্ষা শীর্ষক বিশ্ব সম্মেলনে ১৫৫টি দেশের সের হাজারের অধিক প্রতিনিধি যোগ দেন। সম্মেলনের হিসাব অনুযায়ী (শেষ পৃ: ১-এর ক: ড:)

সার্বজনীন শিক্ষার জন্য

(১ম পৃ: পর)

বিশ্বে ১০ কোটি শিশু প্রাথমিক বিদ্যালয়ে যায় না এবং প্রায় একশত কোটি প্রাপ্ত বয়স্ক লোক লিখিতে বা পড়িতে পারে না। জাতিসংঘের হিসাব মত দুই হাজার সাল নাগাদ সকল শিশুর প্রাথমিক বিদ্যালয়ে যাওয়া নিশ্চিত করিতে এই দশকে প্রায় পাঁচ হাজার কোটি ডলার প্রয়োজন হইবে।